সমকাল

তারিখ 25 JUN 2017
পৃষ্ঠা ১৫ কলাম ৩

# বিশেষ বিসিএসে ১০ হাজার চিকিৎসক নিয়োগ হবে

■ সমকাল প্রতিবেদক

বিশেষ বিসিএসের মাধ্যমে ১০ হাজার চিকিৎসক নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। গত বৃহস্পতিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিষয়টির অনুমোদন দিয়েছেন। ওই অনুমোদনের বিষয়টি নিশ্চিত করে গতকাল শনিবার স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম জানিয়েছেন, বিশেষ বিসিএসের মাধ্যমে ১০ হাজার চিকিৎসককে পর্যায়ক্রমে নিয়োগ দেওয়া হবে। গ্রাম ও প্রত্যন্ত অঞ্চলের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে এ চিকিৎসকরা কাজ করবেন।

গত তিন বছরে বিসিএসের মাধ্যমে প্রায় সাত হাজার চিকিৎসক নিয়োগের কথা উল্লেখ করে মোহাম্মদ নাসিম বলেন, জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে রাজনৈতিক প্রতিশ্রুতি দিয়েছিলেন, তা বাস্তবায়ন করা হচ্ছে। এ কাজে সরকার অনেক দূর এগিয়েছে।

উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে এখন এমবিবিএস চিকিৎসক জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করছেন। পর্যায়ক্রমে যে ১০ হাজার চিকিৎসক নিয়োগের সিদ্ধান্ত হয়েছে, তারা গ্রামের মানুষের স্বাস্থ্যসেবায় নিয়োজিত হবেন।